



“শেখ হাসিনার বারতা  
নারী-পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
বাংলাদেশ শিশু একাডেমি  
দোয়েল চত্বর সড়ক  
শাহবাগ, ঢাকা-১০০০।  
www.shishuacademy.gov.bd



## বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক “পোর্টেবল সুইমিংপুলে সীতার প্রশিক্ষণ পরিচালনা সংক্রান্ত নীতিমালা” ২০২২

### পটভূমি:

বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক আয়োজিত শিশু অধিকার সপ্তাহ ২০১৮ পালনের একটি দিবসে আমার কথা শোন অনুষ্ঠানে সেন্টার ফর ইনজুরি প্রিভেনশন এন্ড রিসার্চ, বাংলাদেশ (সিআইপিআরবি)-এর প্রতিনিধি বাংলাদেশ শিশু একাডেমির শিশুদের সীতার প্রশিক্ষণ সুবিধা প্রদানের নিমিত্ত পোর্টেবল সুইমিং পুল সংগ্রহ এবং তা একাডেমিতে স্থাপনের প্রতিশ্রুতি ব্যক্ত করেন। যার পরিপ্রেক্ষিতে বাংলাদেশ শিশু একাডেমির শিশুদের জীবন রক্ষাকারী সীতার প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত ব্রিটিশ নাগরিক মালিনি মেহরা ০১(এক)টি পোর্টেবল সুইমিং পুল প্রদান করে যা সিআইপিআরবি'র কারিগরি সহায়তায় বাংলাদেশ শিশু একাডেমিতে স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়। গত ২৫ জুলাই ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে বিশ্ব পানিতে ডুবা প্রতিরোধ দিবস ২০২২ উদযাপন উপলক্ষ্যে শিশু একাডেমি চত্বরে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী, জনাব ফজিলাতুন নেসা ইন্দিরা এমপি উল্লিখিত পোর্টেবল সুইমিংপুলে শিশুদের জীবন রক্ষাকারী সীতার প্রশিক্ষণ কার্যক্রম-এর শুভ উদ্বোধন করেন।

শহর কেন্দ্রিক বিভিন্ন এলাকায় যেখানে সীতার প্রশিক্ষণের জন্য উপযুক্ত পুকুর নেই সেখানে পোর্টেবল সুইমিংপুলে শিশুদের সীতার প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণের অংশ হিসেবে বাংলাদেশ শিশু একাডেমির কেন্দ্রীয় কার্যালয় প্রাঙ্গণে পোর্টেবল সুইমিংপুল স্থাপন করা হয়। পোর্টেবল সুইমিংপুলে প্রশিক্ষিত প্রশিক্ষকের তত্ত্বাবধানে শিশুরা নিরাপদে সীতার প্রশিক্ষণ নিতে পারবে। বাংলাদেশ শিশু একাডেমির কেন্দ্রীয় কার্যালয়ে স্থাপিত পোর্টেবল সুইমিংপুলে শিশুদের জীবন রক্ষাকারী সীতার প্রশিক্ষণ কার্যক্রম যা সুইমসেইফ (জীবনের জন্য সীতার) নামে পরিচালিত হবে সেটি সুষ্ঠু ও কার্যকর ভাবে পরিচালনার উদ্দেশ্যে এ নীতিমালা প্রণয়ন করা হ'ল।

### ২.০ পোর্টেবল সুইমিংপুলের অবকাঠামোগত বিবরণ:

- ৬০ ফুট বাই ৪০ ফুট পরিমাপের জায়গায় পোর্টেবল সুইমিংপুলটি স্থাপন করা হয়েছে;
- পোর্টেবল সুইমিংপুলটিতে পর্যাপ্ত পানি সাপ্লাইয়ের এবং ইলেকট্রিক লাইনের ব্যবস্থা রয়েছে;
- পুলের পানি সরানোর জন্য ড্রেনেজ ব্যবস্থা করা হয়েছে;

- মেশিনারিজ যন্ত্রপাতি রাখার জন্য পুল সংলগ্ন একটি রুম রাখা হয়েছে;
- মেয়ে-শিশু, ছেলে-শিশু ও প্রশিক্ষকদের জন্য আলাদা চেঞ্জিংরুম রয়েছে।

### ৩.০ পোর্টেবল সুইমিংপুল স্থাপন প্রক্রিয়া:

- প্লাষ্টিক ফ্রেমটি বসানোর জন্য ৪০ ও ২০ ফুট পরিমাপের জায়গার মাটি বালু দিয়ে ভালোভাবে দুরমুজ করে ফিল্ড তৈয়ার করা হয়েছে যাতে পানি ভরাট করার পর যেন মাটিতে ডেবে না যায়;
- পুলের চতুর্দিকে ৫ ফুট পরিমাণ ইট/সুরকি দিয়ে রাস্তা তৈয়ার করা হয়েছে যাতে শিশু ও প্রশিক্ষকগণ নিরাপদে চলাচল করতে পারে;
- পুলে পানি ভরাটের জন্য পাইপ লাইনের ব্যবস্থা করা আছে;
- পানি ফিল্টারিং এর জন্য পাইপলাইন সেটিং করা হয়েছে;
- পুলের নিরাপত্তার জন্য চতুর্দিকে ফেন্সিং এর ব্যবস্থা রয়েছে।

### ৪.০ সুইমসেইফ সীতার প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা:


পোর্টেবল সুইমিংপুলে শিশুদের সীতার প্রশিক্ষণ কার্যক্রম বাংলাদেশ শিশু একাডেমি প্রদত্ত বিভিন্ন প্রশিক্ষণ আইটেম এর সাথে নূতন একটি আইটেম হিসেবে সংযোজিত হবে। কার্যক্রমটি ৬-১০ বছর বয়সী শিশুদের জীবন রক্ষাকারী (Life Skill) প্রশিক্ষণ হিসেবে একাডেমি'র প্রশিক্ষণ শাখার মাধ্যমে পরিচালিত হবে।

### ৫.০ সুইমসেইফ সীতার প্রশিক্ষণ কার্যক্রমে সম্পৃক্ত জনবল:

পোর্টেবল সুইমিংপুলে সীতার প্রশিক্ষণ প্রদানের জন্য ০২ (দুই)জন প্রশিক্ষিত প্রশিক্ষক (০১ জন মহিলা এবং ০১ জন পুরুষ) সরকারি নীতিমালা অনুসরণপূর্বক নিয়োগ প্রদান করা হবে। নিয়োগপ্রাপ্ত প্রশিক্ষকগণ প্রাথমিক পর্যায়ে মাসিক সাকুল্য বেতনে নিয়োজিত হবেন এবং পরবর্তীতে সেশন/প্রশিক্ষণার্থীওয়ারী বেতন/সম্মানী প্রাপ্য হবেন। পোর্টেবল সুইমিংপুলের সার্বক্ষণিক নিরাপত্তার জন্য আউটসোর্সিং প্রক্রিয়ায় ০২ (দুই) জন নিরাপত্তাকর্মী সরকারি আউটসোর্সিং নীতিমালা অনুসরণপূর্বক নিয়োগ প্রদান করা হবে। প্রশিক্ষিত প্রশিক্ষকদের এবং নিরাপত্তাকর্মীবৃন্দের মাসিক বেতন-ভাতা/সম্মানী প্রশিক্ষণার্থীদের নিকট থেকে আদায়কৃত প্রশিক্ষণ ফি থেকে প্রদান করা হবে।

**৬.০ সুইমসেইফ সীতার প্রশিক্ষণ কার্যক্রমে শিশু ভর্তির নিয়মাবলি:**

- ৬.১ প্রতি বছর এপ্রিল-সেপ্টেম্বর মেয়াদে প্রতিদিন (সপ্তাহে ০৫দিন) ৩০মিনিট করে ১জন প্রশিক্ষক সর্বাধিক ৬-৮ জন শিশুকে সীতার প্রশিক্ষণ প্রদান করবে। প্রাথমিক পর্যায়ে সপ্তাহে ০২দিন (শুক্রবার এবং শনিবার) সকাল এবং বিকেলের শিফটে প্রশিক্ষণ আয়োজন করা হবে। সকালের শিফটে মেয়ে-শিশুদের এবং বিকেলের শিফটে ছেলে-শিশুদের প্রশিক্ষণ প্রদান করা হবে।
- ৬.২ সীতার প্রশিক্ষণার্থী শিশুর বয়স হবে ৬-১০ বছর। প্রশিক্ষণ মেয়াদ হবে ৩-৪ সপ্তাহ। প্রাথমিক পর্যায়ে সপ্তাহে ০২দিন করে ০৮ সপ্তাহ।
- ৬.৩ সীতার প্রশিক্ষণে একজন অভিভাবকের ২ (দুই) টির বেশি শিশু ভর্তি করা যাবে না।
- ৬.৪ সীতার প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য নির্ধারিত ভর্তি ফরমে আবেদন করতে হবে। প্রশিক্ষণের জন্য মাসিক ফি হবে ২,৫০০.০০ (দুই হাজার পাচশত টাকা) এবং মাসিক ফি ভর্তিকালে একত্রে পরিশোধ করতে হবে। মাসিক প্রশিক্ষণ ফি প্রয়োজন অনুযায়ী হ্রাস-বৃদ্ধি করা যেতে পারে।
- ৬.৫ সীতার প্রশিক্ষণ সকালের শিফটে সকাল ৯.৩০ টা থেকে ১০.০০টা, সকাল ১০.৩০টা থেকে ১১.০০টা, সকাল ১১.৩০টা থেকে ১২.০০টা এবং দুপুর ১২.৩০টা থেকে ১.০০টা পর্যন্ত চলবে। বিকেলের শিফটে বেলা ২.০০টা থেকে ২.৩০টা, বেলা ৩.০০টা থেকে ৩.৩০টা, বেলা ৪.০০টা থেকে ৪.৩০টা এবং বেলা ৫.০০ থেকে ৫.৩০টা পর্যন্ত চলবে।
- ৬.৬ শিশুকে আনা এবং নেয়ার জন্য সংশ্লিষ্ট মা/বাবা/অভিভাবক ব্যতীত অন্য কাউকে দায়িত্ব দিলে তার পরিচয়ের কাগজপত্র জমা দিতে হবে। তাৎক্ষণিক যোগাযোগের জন্য অভিভাবকের মোবাইল নম্বর প্রয়োজন হবে।
- ৬.৭ সীতার প্রশিক্ষণ গ্রহণের জন্য শিশুকে শারীরিক এবং মানসিকভাবে সুস্থ হতে হবে।
- ৬.৮ প্রশিক্ষণ পানিতে থাকলে অসুস্থ এবং ঠান্ডায় আক্রান্ত হওয়ার আশঙ্কা থাকলে শিশুকে সীতার প্রশিক্ষণে ভর্তির বিষয়ে নিরুৎসাহিত করা হবে। সীতার প্রশিক্ষণরত অবস্থায় ঠান্ডায় আক্রান্ত শিশুকে নিরাময় না হওয়া পর্যন্ত প্রশিক্ষণে অংশগ্রহণের সুযোগ দেওয়া যাবে না।
- ৬.৯ অভিভাবকগণ প্রয়োজনীয় পোষাক, টুপি, চশমা ও আনুষঙ্গিক অন্যান্য উপকরণ সরবরাহ করবেন।
- ৬.১০ সীতার প্রশিক্ষণ চলাকালে কোন অভিভাবক বা অভিভাবকের প্রতিনিধি কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত পোর্টেবল সুইমিংপুলে প্রবেশ করতে পারবেন না।

  
(**মোঃ আশরাফ হোসেন খান**)  
সহকারী পরিচালক  
বাংলাদেশ শিশু একাডেমি  
ঢাকা-১০০০



**৭.০ পোর্টেবল সুইমিংপুলে শিশুদের সীতার প্রশিক্ষণ কার্যক্রম তত্ত্বাবধান:**

পোর্টেবল সুইমিং পুল স্থাপনে বেসরকারি উন্নয়ন সংস্থা সেন্টার ফর ইনজুরি প্রিভেনশন এন্ড রিসার্চ, বাংলাদেশ (সিআইপিআরবি) যাবতীয় কারিগরি সহায়তা প্রদান, সীতার প্রশিক্ষকদের প্রশিক্ষণ, ০১ (এক) বছর প্রশিক্ষণ কার্যক্রমটি মনিটরিং করাসহ সংশ্লিষ্ট অন্যান্য সহায়তা প্রদান করবে।

**৮.০ অন্যান্য বিষয়াদি:**

- ৮.১ শিশুর সঙ্গে কোন মা/অভিভাবক/গৃহকর্মী পোর্টেবল সুইমিংপুলে প্রবেশ করতে পারবেন না।
- ৮.২ পরিদর্শন ও গবেষণার লক্ষ্যে সুইমিংপুলে প্রবেশ করার ক্ষেত্রে একাডেমি'র যথাযথ কর্তৃপক্ষের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে।
- ৮.৩ যে কোন সংগত কারণে ভর্তিকৃত শিশুর ভর্তি বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ৮.৪ পোর্টেবল সুইমিংপুলে সীতার প্রশিক্ষণ পরিচালনার স্বার্থে প্রয়োজনানুযায়ী এই নীতিমালা পরিবর্তন/পরিবর্ধন, সংযোজন, বিয়োজন ও সংশোধন করা যাবে।